দৈনিক ইত্তেফাক

তারিখ 18 NOV 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭

# বিশ্ববিদ্যালয়ের ১২টি বাস নিয়া ছাত্রদের ময়মনসিংহ গমন

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (মঙ্গলবার) ময়মনসিংহে অনুষ্ঠেয় ফুটবল খেলা দেখার জন্য বিশ্ববিদ্যালয়ের বাস চাহিয়া ব্যর্থ হওয়ার পর উত্তেজিত একদল ছাত্র ভিসি প্রফেসর এমাজ উদ্দিন

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয়ের ১২টি বাস

(১ম পৃঃ পর)

আহম্মদের অফিস কক্ষ ভাঙ্গচুর করে। পরে তাহারা জোরপূর্বক বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ১২টি ও ভাড়া করা ১টি বাসসহ মোট ১৩টি বাসে ময়মনসিংহে যায়। অনাকাংক্ষিত এই ঘটনার পর গতকাল বিভিন্ন বাসরুটের ছাত্র-ছাত্রীরা বিপাকে পড়িয়া যায়। বিশেষ করিয়া নারায়ণগঞ্জ, মীরপুর, টঙ্গীসহ দূর-দূরান্ত হইতে আগত ছাত্র-ছাত্রীরা ক্লাস শেষে প্রাইভেট বাসে বাদুর ঝোলা হইয়া বিশ্ববিদ্যালয় হইতে ফিরিয়া যায়। ঢাকা বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট গতকাল এক জরুরী সভায় এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করিয়া বলিয়াছে, ভবিষ্যতে এইরূপ ঘটনা ঘটিলে শৃংখলা ভঙ্গের দায়ে দায়ী ব্যক্তির বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে। ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহম্মদ সভায় সভাপতিত্ব করেন।